

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২১.৫৯

তারিখ: ২২ মাঘ ১৪২৯

০৫ ফেব্রুয়ারি ২০২৩


বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-৫২৫/২০২২ (রিট পিটিশন নং-৯৮২৯/২০২১ হতে উদ্ভূত) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন রয়েল মিডিয়া কলেজ-এর অধ্যক্ষের নিয়োগ বাতিল করার জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৯৮২৯/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশননং-৯৮২৯/২০২১ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তারা সংস্কৃদ্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৫২৫/২০২২ মামলা দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সহ মোট ১১ (এগারো) জন-কে বিবাদী করা হয়েছে।

২. এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-৫২৫/২০২২ (রিট পিটিশন নং-৯৮২৯/২০২১ হতে উদ্ভূত) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ১নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্ন বর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) কনটেম্পট পিটিশন নং-৫২৫/২০২২ (রিট পিটিশন নং-৯৮২৯/২০২১ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগকরণ;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদনকরণ;
- (ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ; এবং
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।



৬-২-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২১.৫৯/১(৪)

তারিখ: ২২ মাঘ ১৪২৯

০৫ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৬-২-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব